গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়, রংপুর

**অফিস আদেশ ঃ**

নং ঃ ২৩০/২০২২ http://rangpur.judiciary.org.bd/ তারিখ ঃ ২৮/১১/২০২২ খ্রিঃ।

**বিষয় ঃ** অত্রাদালতের আপীল সহকারী জনাব মোঃ আরিফ হুসাইন এর স্ত্রীর উন্নত চিকিৎসার জন্য বহিঃবাংলাদেশ ভারত গমনের অনুমতিসহ ২৪ (চব্বিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

অত্রাদালতের আপীল সহকারী জনাব মোঃ আরিফ হুসাইন এর আবেদনের প্রেক্ষিতে তাহার স্ত্রীর উন্নত চিকিৎসার নিমিত্ত সম্পূর্ণ নিজস্ব অর্থ ব্যয়ে ভারত গমণের অনুমতিসহ আগামী ০৭/১২/২০২২ খ্রিঃ তারিখ হইতে ৩০/১২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ২৪(চব্বিশ) দিন অথবা যাত্রার তারিখ হইতে ২৪(চব্বিশ) দিন অর্জিত ছুটি মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে অত্রাদালতের হিসাবরক্ষকের প্রতিবেদনসহ প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। হিসাবরক্ষকের প্রতিদেন অনুযায়ী সংশ্লিষ্ট কর্মচারীর পূর্ণগড় বেতনে সর্বমোট ০৯ মাস ০৩ দিন অর্জিত ছুটি পাওনা রহিয়াছে।

এমতাবস্থায়, হিসাবরক্ষকের প্রতিবেদনসহ প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে অত্রাদালতে কর্মরত আপীল সহকারী জনাব মোঃ আরিফ হুসাইন-কে নিজস্ব অর্থ ব্যয়ে তাহার স্ত্রীর উন্নত চিকিৎসার জন্য ভারত গমনের অনুমতিসহ আগামী ০৭/১২/২০২২ খ্রিঃ তারিখ হইতে ৩০/১২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ২৪(চব্বিশ) দিন অথবা যাত্রার তারিখ হইতে ২৪(চব্বিশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি (পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি) মঞ্জুর পূর্বক কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হইল। প্রস্তাবিত এই বিদেশ ভ্রমণে সরকার দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রায় কোন অর্থ ব্যয় করিবে না।

এই মর্মে তাহার চাকুরী খতিয়ান বহিতে প্রয়োজনীয় নোট লিপিবদ্ধ করার জন্য অত্রাদালতের হিসাবরক্ষক-কে নির্দেশ দেওয়া গেল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং-৪৭৮(১১)/২০২২ তরিখ ঃ ২৮/১১/২০২২ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ**

১। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
২। বিজ্ঞ বিচারক (যুগ্ম জেলা জজ) ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, রংপুর ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদ করণ কমিটি, রংপুর।
৩। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তঃর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৪। ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর, বেনাপোল,যশোর/বাংলাবান্ধা, পঞ্চগড়/হিলি,দিনাজপুর/বুড়িমারী, লালমনিরহাট, বাংলাদেশ।
৫। জনাব মোঃ আরিফ হুসাইন, আপীল সহকারী, জেলা জজ আদালত, রংপুর।
৬। আদেশ বহি/অফিস ফাইল।

২৮/১১/২২

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।